# ভারতীয়

# ন্যায়

# সংহিতা

# 2023

মাধ্যমিক স্তরঃ পর্যায় ১
শ্রেণিঃ  নবম এবং দশম



অক্টোবর 2024

কার্তিক ১৯৪৬

জাতীয় শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ

৮৫.০০

প্রকাশনা বিভাগে প্রকাশিত সচিব জাতীয় ,শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ শ্রী , অরবিন্দ মার্গনয়াদিল্লি , 110016 এবং পুষ্পক প্রেস প্রাইভেট লিমিটেড থেকে প্রকাশিত , বি - 3/1ওখলা শিল্প এলাকা, ফেজ , - ২ নয়াদিল্লি ,110016

# মুখবন্ধ

সর্বশিক্ষা মিশন, পশ্চিমবঙ্গ সরকারের রাজ্য প্রকল্প অধিকর্তা মহাশয়ের 15/05/25 তারিখের 374/Pedagogy/PBSSM/2024-25 সংখ্যক পত্র অনুসারে রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ বিদ্যালয়ের মধ্যবর্তী, মাধ্যমিক (প্রথম ও দ্বিতীয় পর্যায়) স্তরে ব্যবহারের জন্য ভারতীয় ন্যায় সংহিতা (BNS) 2023, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা (BNSS) 2023, ও ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম (BSA) 2023 এই তিনটি নতুন আইন সংক্রান্ত শিক্ষা বিষয়ক নয়টি মডিউল বাংলায় অনুবাদ করার দায়িত্ব পায়। রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ এর মাননীয়া অধিকর্তা মহাশয়ার তত্ত্বাবধানে ও সম্পাদনায় এবং রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদের গবেষক শ্রী সুব্রত কুমার বিশ্বাস ও শ্রীমতী পারমিতা বালা বিশ্বাসের সঞ্চালনায় সম্পন্ন ব্যক্তিদের দ্বারা সংক্ষিপ্ত সময়ের মধ্যে স্পষ্ট ও সহজ বাংলায় মডিউলগুলির অনুবাদ কার্য সুসম্পন্ন হয়েছে। এই কাজে যুক্ত সকল ব্যক্তির আন্তরিকতা, অধ্যাবসায় ও পেশাদারিত্ব কাজটি যথাসময়ে শেষ করতে সাহায্য করেছে। অনুবাদ কার্যের জন্য যাঁরা সহযোগিতা করেছেন তাঁদের রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, পশ্চিমবঙ্গ এর পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই। এই সম্মিলিত প্রচেষ্টার ফলস্বরূপ শিক্ষার্থীদের কাছে নতুন আইনগুলির জ্ঞান সরল ও বোধগম্য রূপে উপস্থাপন করা সম্ভব হবে।

**ড: ছন্দা রায়**

অধিকর্তা

রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ (প. ব.)

# বাংলা তর্জমার বিশেষজ্ঞ মণ্ডলী

1. শ্রী গৌতম ভট্টাচার্য, গবেষক, রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, পশ্চিমবঙ্গ - অনুবাদক
2. শ্রীমতী অনসূয়া রায়চৌধুরী, গবেষক, রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, পশ্চিমবঙ্গ - অনুবাদক
3. শ্রীমতী উমাবতী হেমব্রম, গবেষক, রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, পশ্চিমবঙ্গ - সহ সহকারী সঞ্চালক
4. শ্রী সৌরভ মণ্ডল, অধ্যাপক, জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, উত্তর ২৪ পরগণা
5. শ্রী তমাল কৃষ্ণ ভৌঁড়, অধ্যাপক,জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, মুর্শিদাবাদ
6. ডঃ প্রদীপ কুমার বসু, প্রধান শিক্ষক (অবসরপ্রাপ্ত), হিন্দু স্কুল, কলকাতা
7. শ্রী সুমন শুর, অধ্যাপক, জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, বর্ধমান
8. এস কে আস্রফ আলী, অধ্যাপক,জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, ঝাড়গ্রাম
9. শ্রীমতী নন্দিতা দত্ত, বরিষ্ঠ অধ্যাপক,জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, বাঁকুড়া
10. ডঃ চন্দন মিশ্র, প্রধান শিক্ষক, রঘুনাথপুর নফর একাডেমি (উঃ মাঃ), অভয়নগর, হাওড়া
11. ডঃ কৌস্তভ ভট্টাচার্য, সহযোগী অধ্যাপক, বাবা সাহেব আম্বেদকর শিক্ষা বিশ্ববিদ্যালয়
12. ডঃ সোমনাথ চ্যাটার্জী, প্রধান শিক্ষক, চন্দননগর কানাইলাল বিদ্যামন্দির (ফরাসি বিভাগ)
13. শ্রী সন্দীপন ঘোষ, অধ্যাপক, ধর্মদা সরকারী প্রাথমিক শিক্ষক শিক্ষণ সংস্থা, নদীয়া
14. শ্রী অভিজিৎ দাসগুপ্ত, ভারপ্রাপ্ত শিক্ষক, নারায়ণপুর উচ্চ বিদ্যালয় (উঃ মাঃ), উত্তর ২৪ পরগণা

# ভারতীয় ন্যায় সংহিতা, 2023




## মাধ্যমিক স্তরঃ পর্যায় ১

## শ্রেণি: নবম এবং দশম


विद्यया ऽमृतमश्नुते
एन सी ई आर टी
NCERT
राष्ट्रीय शैक्षिक अनुसंधान और प्रशिक्षण परिषद्
NATIONAL COUNCIL OF EDUCATIONAL RESEARCH AND TRAINING

# ভারতীয় ন্যায় সংহিতা ,2023



## শিখন ফলাফল :

এই মডিউলটি পড়ার পর শিক্ষার্থীরাঃ

- ভারতের ফৌজদারি আইনের বিবর্তন নিয়ে আলোচনা করতে এবং ভারতীয় ন্যায় সংহিতা, 2023-এ করা পরিবর্তনগুলি শনাক্ত করতে পারবে।
- কিছু অপরাধ ও তাঁদের সংশ্লিষ্ট শাস্তি চিহ্নিত করে টেবিল বা চিত্র তৈরি করতে পারবে।
- নতুন আইন প্রণয়নের পিছনে যুক্তি নিয়ে আলোচনা করতে সক্ষম হবে।
- ভারতীয় ন্যায় সংহিতা বা BNS সম্পর্কে বোধগম্যতা প্রদর্শন করতে সক্ষম হবে।

## ভূমিকা



| | | | | |
|---|---|---|---|---|
| **ডিসেম্বর 12, 2023 লোকসভায় উপস্থাপন** | **ডিসেম্বর 20, 2023 লোকসভায় পাস** | **ডিসেম্বর 21, 2023 রাজ্যসভায় পাস** | **ডিসেম্বর 25, 2023 রাষ্ট্রপতির সম্মতি আইন প্রণয়ন** | **জুলাই 01, 2024 আইন কার্যকর** |

Source: https://prsindia.org/billtrack/the-bharatiya-nyaya-second-sanhita-2023

ভারতীয় দণ্ড বিধি (IPC), 1860 কে বাতিল করে, **ভারতীয় ন্যায় সংহিতা (BNS), 2023**, 25শে ডিসেম্বর 2023 সালে প্রণীত হয়, এবং দেশের নতুন দণ্ড বিধি হিসেবে নিজেকে প্রতিস্থাপন করে। BNS, 1860 সালের ভারতীয় দণ্ড বিধি (IPC) কে প্রতিস্থাপন করে এবং অপরাধ সম্পর্কিত বিধানগুলিকে একীভূত এবং সংশোধন করে।





এটি 1st জুলাই, 2024 সালে কার্যকর হয় এবং এটি একটি যুগান্তকারী উদ্যোগ যা ভারতের পুরাতন ফৌজদারি বিচার ব্যবস্থার সংস্কার ও আধুনিকীকরণের জন্য নেওয়া এটি একটি যুগান্তকারী উদ্যোগ।

এটি প্রধানত ভারতীয় দণ্ড বিধির (IPC) বিধানগুলিকেই ধরে রেখেছে, সাথে কিছু নতুন অপরাধ যুক্ত করেছে, বিভিন্ন আদালত কর্তৃক বাতিল করা অপরাধগুলিকে অপসারন করেছে এবং এতে বেশ কয়েকটি অপরাধের জন্য শাস্তি বৃদ্ধি করা হয়েছে।

এই বিধি অপরাধের ক্ষেত্রে স্পষ্টতা ও কঠোর শাস্তি প্রদান করে, যা জনগনের নিরাপত্তা বৃদ্ধি করে এবং ঘৃণামূলক অপরাধকে (Hate Crime) আরও কঠোরভাবে মোকাবেলা করে। ঔপনিবেশিক যুগে উদ্ভুত হয়েও এখনও প্রচলিত সমসাময়িক সামাজিক, প্রযুক্তিগত ও আইন সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্য এই আইন সংহিতাকে উপযোগী করে তৈরি করা হয়েছে।

## BNS এর বিবর্তন

ভারতের ফৌজদারি বিচার ব্যবস্থা ভারতীয় দণ্ড বিধি, 1860-এর উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে, যা এক শতাব্দীরও বেশী সময় ধরে চলে আসছে।

ব্রিটিশ ঔপনিবেশিক যুগে প্রণীত ভারতীয় দণ্ড বিধি বিভিন্ন অপরাধের জন্য বিস্তৃত অর্থে আইনি শ্রেণিবিভাগ এবং সংশ্লিষ্ট বিষয়ে শাস্তি প্রতিষ্ঠা করে। তবে, দ্রুত পরিবর্তনশীল সামাজিক, অর্থনৈতিক এবং প্রযুক্তিগত প্রেক্ষাপটের সাথে তাল মিলিয়ে চলার জন্য ভারতীয় দণ্ড বিধি (IPC) বছরের পর বছর ধরে অসংখ্য পরিমার্জন ও সংশোধনের মধ্য দিয়ে গেছে।

IPC তার সর্বোত্তম প্রচেষ্টা সত্ত্বেও, সংগঠিত অপরাধ (Organised Crime), সাইবার অপরাধ (Cyber Crime) এবং সন্ত্রাসবাদের (Terrorism) মতো আধুনিক সমস্যাগুলির সাথে তাল মিলিয়ে চলতে অসুবিধায় পড়েছে।

আরও সমসাময়িক এবং কার্যকরী আইনি কাঠামোর প্রয়োজনীয়তা ছিল, এবং এই প্রয়োজনীয়তা মোকাবেলা করার জন্য ভারতীয় ন্যায় সংহিতা, 2023 প্রতিষ্ঠা করা হয়েছিল। এই নতুন আইনটি স্বরাষ্ট্র বিষয়ক স্থায়ী কমিটি (Home Affairs Standing Committee or HASC) দ্বারা পর্যালোচনা সাপেক্ষ। নতুন অপরাধের প্রবর্তন, বিদ্যমান অপরাধের জন্য শাস্তি কঠোর করা এবং আগের বেশির ভাগ বিধানকে বজায় রেখে, এই নতুন আইনটি, আগের IPC-কে প্রতিস্থাপনের চেষ্টা করে।

## BNS এর যৌক্তিকতাঃ পরিবর্তনের প্রয়োজনীয়তা

আইনশৃঙ্খলা জোরদার করার জন্য এবং আইনি ব্যবস্থা কে সহজতর করার মাধ্যমে সাধারণ মানুষের জীবনযাত্রার স্বাচ্ছন্দ্য নিশ্চিত করার জন্য সরকার বর্তমান ফৌজদারি আইনের মূল্যায়ন করা উপযুক্ত বলে মনে করেছে। বর্তমান পরিস্থিতি বিচার বিবেচনা করার জন্য এবং সাধারণ মানুষকে দ্রুত ন্যায় বিচারের সুযোগ দেওয়ার জন্য সরকার বর্তমান আইন কে আপডেট করার কথাও ভেবেছিল। নাগরিক জীবন ও স্বাধীনতা সুনিশ্চিত করার জন্য এবং তার উপর ভিত্তি করে একটি আইনি পরিকাঠামো তৈরি করার জন্য, বিভিন্ন অংশীদারদের (Stakeholders) সাথে পরামর্শ করা হয়েছিল যাতে করে আধুনিক জনগনের প্রয়োজনীয়তা এবং লক্ষ্যগুলি বজায় রাখা যায়।

BNS প্রবর্তনের পিছনে প্রাথমিক যুক্তি ছিল বিদ্যমান আইনি ব্যবস্থাকে পুনর্গঠন করা, যা সেকেলে তথা অচল আইন, পদ্ধতিগত বাধা এবং যথা সময়ে ন্যায়বিচার প্রদানের উল্লেখযোগ্য বিলম্বের ভারে ভারাক্রান্ত ছিল।

একটি একক নিয়ম বিধির অধীনে বিভিন্ন আইনকে একত্রিত করে, সরকার সারা দেশের আইনি প্রক্রিয়ায় স্বচ্ছতা, দক্ষতা এবং লভ্যতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করেছে।

এছাড়াও, নিয়ম বিধিটি সুবিন্যস্ত পদ্ধতি অবলম্বন করে এবং ডিজিটাল প্রযুক্তির সমন্বয় সাধনের মাধ্যমে বিচার সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি এবং মামলার জট কমাতে চায়। এই ব্যাপক আইনি সংস্কারের পিছনের যুক্তিটি বিভিন্ন মূল মাত্রায় অন্বেষণ করা যেতে পারে:

i. **সরলীকরণ এবং একত্রীকরণ:** একটি ঐক্যবদ্ধ নিয়ম বিধির অধীনে প্রাসঙ্গিক আইনগুলিকে একীভূত করে, BNS আইনি বিধানগুলিকে সুবিন্যস্ত করার, অস্পষ্টতা হ্রাস করার এবং পেশাদার আইনজীবি এবং জনসাধারণ উভয়ের জন্য স্পষ্টতা বৃদ্ধি করার লক্ষ্য রাখে।

ii. **ন্যায়বিচারে লভ্যতা বৃদ্ধি:** BNS আইনি প্রক্রিয়ার দক্ষতা বৃদ্ধি করে, বকেয়া মামলা কমিয়ে এবং পদ্ধতিগত প্রয়োজনীয়তাগুলিকে সরল করে ন্যায়বিচারের লভ্যতা উন্নত করার চেষ্টা করে। এর মধ্যে ডিজিটাল সমন্বয়ের বিধান অন্তর্ভুক্ত রয়েছে, যা মামলা দায়ের করাকে সহজতর করে, দূরবর্তী শুনানি এবং আইনি নথিকে অনলাইনে উপলব্ধ সহজতর করে, যার ফলে আইনি ব্যবস্থা সকল নাগরিকের চাহিদার প্রতি আরও সহজলভ্য এবং প্রতিক্রিয়াশীল হয়।

iii. **বিচার বিভাগীয় দক্ষতা বৃদ্ধি:** BNS সুবিন্যস্ত পদ্ধতি, নির্দিষ্ট শ্রেণির মামলার জন্য বিশেষায়িত আদালত এবং বিকল্প বিরোধ নিষ্পত্তির (alternative dispute resolution or ADR) জন্য বিভিন্ন ব্যবস্থার মাধ্যমে বিচার বিভাগীয় দক্ষতা বৃদ্ধির ব্যবস্থা প্রবর্তন করেছে।

iv. **প্রযুক্তিগত অগ্রগতির সাথে খাপ খাইয়ে নেওয়া:** আইনি কাঠামোতে ডিজিটাল সরঞ্জাম এবং প্ল্যাটফর্মের একীকরণ কেবল দক্ষতা বৃদ্ধি করে না বরং স্বচ্ছতা এবং দায়বদ্ধতাও বৃদ্ধি করে। ইলেকট্রনিক ফাইলিং সিস্টেম, অনলাইন মামলা ব্যবস্থাপনা এবং ভার্চুয়াল আদালতের কার্যক্রম হল BNS দ্বারা প্রদত্ত কিছু প্রযুক্তিগত অগ্রগতি, যার লক্ষ্য ভারতের আইনি অবকাঠামোকে বিশ্বব্যাপী মানদণ্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ করা এবং আধুনিক সমাজের ডিজিটাল চাহিদা পূরণ করা।

v. **সাংবিধানিক নীতি এবং অধিকার সুরক্ষা নিশ্চিত করা:** নতুন আইন বিধিতে এমন বিধান অন্তর্ভুক্ত করা হয়েছে যা ব্যক্তি এবং গোষ্ঠীর অধিকার রক্ষা করে, আইনের সামনে সমতা প্রচার করে এবং আইনি কার্যক্রমে যথাযথ প্রক্রিয়া নিশ্চিত করে। সাংবিধানিক মূল্যবোধকে শক্তিশালী করে BNS এমন একটি আইনি পরিবেশ তৈরি করার লক্ষ্য রাখে যা সকল নাগরিকের জন্য ন্যায়বিচার, ন্যায্যতা এবং অন্তর্ভুক্তি বৃদ্ধি করে।

### ভারতীয় ন্যায় সংহিতা নাম কেন?



'ন্যায়' সামাজিক ন্যায়বিচারকে বোঝায়। বর্তমান BNS-এ শাস্তিমূলক ধারণা ন্যায় মূলক ভাবনায় রূপান্তরিত হয়েছে এবং প্রতিরোধ মূলক দিকগুলিকে সীমাবদ্ধ করেছে, সাথে এমন আইনি বিধান প্রবর্তন করেছে যা সমস্ত স্টেকহোল্ডারদের ন্যায়বিচার প্রদানের উপর দৃষ্টিনিবদ্ধ (focus) করে। ন্যায় মূলক ভাবনার দিকটি প্রতিশোধমূলক ভাবনা থেকে সংস্কারমূলক পদ্ধতিতে রূপান্তরের মাধ্যমে দৃষ্টিগোচর হচ্ছে।

## BNS এর মূল পরিবর্তন সমূহ

| ক্রম সংখ্যা | পরিবর্তন | বিশদ বিবরণ |
|---|---|---|
| 1. | **গোষ্ঠী বা সমাজ সেবা ভিত্তিক পরিষেবা** (Community Service) | আইনটিতে শাস্তির একটি রূপ হিসাবে গোষ্ঠী বা সমাজ সেবা ভিত্তিক পরিষেবা চালু করা হয়েছে। এইভাবে, কারাগারের ভিড় কমানো, অপরাধীদের করা কাজগুলির মাধ্যমে সমাজ বা গোষ্ঠীকে উপকৃত করার অনুমতি দেওয়া এবং তাদের মধ্যে সামাজিক দায়বদ্ধতার বোধ গড়ে তুলে সমাজে তাদের পুনর্বাসনে সহায়তা করা যেতে পারে |
| 2. | **সংগঠিত অপরাধ** (Organized Crime) | BNS-র 111 নং ধারা বিশদে সংগঠিত অপরাধকে সংজ্ঞায়িত করে, যার মধ্যে রয়েছে অপহরণ, ডাকাতি, যানবাহন চুরি, জোর পূর্বক চাঁদা/টাকা তোলা (extortion), জমি দখল, চুক্তি হত্যা (contract killing), অর্থ সংক্রান্ত অপরাধ, সাইবার অপরাধ, পাচার, মাদক ইত্যাদি, যা একটি গোষ্ঠী দ্বারা সংঘটিত হয়। |
| 3. | **সন্ত্রাসবাদ** (Terrorism) | BNS আইনের 113 নং ধারা সন্ত্রাসবাদকে একটি অপরাধ হিসাবে স্বীকৃতি দেয়। এটি এমন অপরাধ যা ভারতের একতা, অখণ্ডতা বা নিরাপত্তাকে হুমকির জন্য, জনসাধারণকে ভয় দেখানোর বা জনশৃঙ্খলা ব্যাহত করার অভিপ্রায়ে ভারতে বা বিদেশে সংঘটিত করা হয় |

| ক্রম সংখ্যা | পরিবর্তন | বিশদ বিবরণ |
|---|---|---|
| 4. | **অন্তর্ভুক্তিমূলক ভাষার ব্যবহার** | (a) BNS ধারা 2(10)- এর অধীনে, "লিঙ্গ"-এর সংজ্ঞার অধীনে ট্রান্সজেন্ডার শব্দটি ব্যবহার করা হয়েছে, এটি আগের IPC-তে অনুপস্থিত ছিল;<br>(b) নাবালক (minor) শব্দটি 'শিশু' (child) দ্বারা প্রতিস্থাপিত করা হয়েছে; এবং<br>(c) অস্থাবর সম্পত্তিতে (movable property) সমস্ত রকমের বর্ণনার সম্পত্তি অন্তর্ভুক্ত করা হয়েছে। |
| 5. | **পৃথক অপরাধ হিসেবে 'ছিনতাই'** | BNS-র ধারা 304-এ তে 'ছিনতাই'কে (snatching) চুরি থেকে পৃথক অপরাধ হিসাবে বিবেচনা করা হয়েছে। |
| 6. | **নিম্নলিখিত বিধানগুলি বাতিল করা হয়েছেঃ**<br>**(a) ব্যভিচার (Adultery)**<br>**(b) আত্মহত্যার চেষ্টা (Attempt to commit suicide)**<br>**(c) অস্বাভাবিক অপরাধ (Unnatural Offences)** | সুপ্রিম কোর্টের বিভিন্ন রায়ের সাথে সামঞ্জস্য রেখে, BNS-এ এই বিধানগুলি বাদ দেওয়া হয়েছে। |
| 7. | **হিট অ্যান্ড রান মামলা (Hit and Run Cases)** | যানবাহন দিয়ে ধাক্কা মেরে পালিয়ে যাওয়ার ক্রমবর্ধমান ঘটনাগুলিকে মোকাবেলা করার জন্য একটি আইনি বিধান যুক্ত করা হয়েছে, যা BNS, 2023 এর ধারা 106(2) এর অধীনে একটি শাস্তিযোগ্য অপরাধ হিসাবে বিবেচিত হয়েছে। কোনও ব্যক্তি যদি বেপরোয়া, তাড়াহুড়ো বা অবহেলামূলক ভাবে গাড়ি চালিয়ে অন্য কোনও ব্যক্তির মৃত্যু ঘটায় এবং ঘটনাটি কোনও পুলিশ অফিসার বা ম্যাজিস্ট্রেটের কাছে প্রকাশ না করে ঘটনাস্থল থেকে পালিয়ে যায়; তাহলে তাকে দশ বছর পর্যন্ত কারাদণ্ড এবং জরিমানা, উভয় দণ্ডে দণ্ডিত করা যাবে। |
| 8. | **অপরাধ সংঘটিত করার জন্য কোন শিশুকে ভাড়া নেওয়া, নিয়োগ করা বা জড়ানো** | যেকোন অপরাধ সংঘটিত করার জন্য কোন শিশুকে ভাড়াতে নেওয়া, নিয়োগ করা, বা জড়িত করার কাজটি BNS, 2023 এর ধারা 95 এর অধীনে একটি শাস্তিযোগ্য অপরাধ হিসাবে বিবেচিত করা হয়েছে, যার জন্য সর্বনিম্ন সাত বছরের কারাদণ্ডের কথা বলা হয়েছে, যা ক্ষেত্র বিশেষে দশ বছর পর্যন্ত বর্ধিত হতে পারে। |

| ক্রম সংখ্যা | পরিবর্তন | বিশদ বিবরণ |
|---|---|---|
| 9. | রাষ্ট্রদ্রোহ<br>(Sedition) | BNS, 2023-এ বিচ্ছিন্নতাবাদী কার্যকলাপ (secession), সশস্ত্র বিদ্রোহ, ধ্বংসাত্মক কার্যকলাপ (subversive activities) এবং বিচ্ছিন্নতাবাদী কার্যকলাপ (separarist activities) বা ভারতের সার্বভৌমত্ব বা ঐক্য ও অখণ্ডতা বিপন্ন করার মতো বিচ্ছিন্নতাবাদী কার্যকলাপের উপর একটি নতুন ধারা যুক্ত করা হয়েছে এবং ধারা 152 এর অধীনে এগুলিকে শাস্তিযোগ্য করা হয়েছে। |
| 10. | ইলেকট্রনিক প্রমাণের গ্রহণযোগ্যতা | এই সংক্রান্ত নথির সংজ্ঞায় 'ইলেকট্রনিক এবং ডিজিটাল রেকর্ড' এর গ্রহণযোগ্যতার কথা অন্তর্ভুক্ত করা হয়েছে। |
| 11. | Zero FIR<br>(First Information Report) | Zero FIR (প্রথম তথ্য প্রতিবেদন) হল এমন একটি ধারণা যা চালু করা হয়েছে এটা নিশ্চিত করার জন্য যে, একটি আমলযোগ্য অপরাধ যে কোনও পুলিশ স্টেশনে রিপোর্ট করা যেতে পারে এবং নথিভুক্ত করা যেতে পারে, এমনকি ঘটনাটি যদি সেই থানার আওতাভুক্ত এলাকার মধ্যে নাও পড়ে।<br>Zero FIR-এর পিছনে ধারণা হল যে, কোনও বিলম্ব ছাড়াই দ্রুত অভিযোগ নিবন্ধন করা, বিশেষ করে যেখানে তাৎক্ষণিক হস্তক্ষেপের প্রয়োজন হতে পারে। |

## সচেতনতা ছড়িয়ে দেওয়া



জাতীয় অপরাধ রেকর্ড ব্যুরো 'এনসিআরবি সংকলন অফ ক্রিমিনাল লজ' (*NCRB Sankalan of Criminal Laws*) নামে একটি মোবাইল অ্যাপ্লিকেশন চালু করেছে। এই অ্যাপ্লিকেশনটি তিনটি নতুন ফৌজদারি আইনের সংকলন। এটি গুগল প্লে স্টোর এবং অ্যাপল অ্যাপ স্টোরে পাওয়া যাচ্ছে। নতুন আইন সম্পর্কে জ্ঞান বৃদ্ধিতে এই অ্যাপ্লিকেশনটি ভীষণ কার্যকর।

NCRB SANKALAN of New Criminal Laws

## ডিজিটাল এর পথে !

অভিযোগকারীরা একটি নির্দিষ্ট ই-এফআইআর (E-FIR) পোর্টাল বা পুলিশের ওয়েবসাইটের মাধ্যমে পুলিশ অভিযোগ দায়ের করতে পারেন অথবা যেকোনো ইলেকট্রনিক যোগাযোগের মাধ্যমে সংশ্লিষ্ট থানায় অভিযোগ/তথ্য পাঠাতে পারেন।

ZERO FIR

- যেখানে অপরাধ সংঘটন সম্পর্কিত তথ্য পাওয়া যায়, সেই ক্ষেত্রে মৌখিক বা ইলেকট্রনিক যোগাযোগের মাধ্যমে একটি মামলা নথিভুক্ত করা পুলিশের জন্য বাধ্যতামূলক, সেই স্থান ঐ থানার আওতাভুক্ত না হলেও তদন্ত শুরু করতে হবে। (ধারা 173 of BNSS)
- একবার ZERO FIR রেজিস্টার হয়ে গেলে, পুলিশ স্টেশন সেই মামলা তদন্তের জন্য ঐ এলাকা যে থানার আওতাভুক্ত সেই পুলিশ স্টেশনে FIR পাঠাতে পারে।





# কার্যাবলী

### 1. আইনি নীতির উপর বিতর্ক

শিক্ষার্থীদের দলে ভাগ করুন এবং প্রতিটি দলের জন্য ভারতীয় ন্যায় সংহিতা, 2023 থেকে কোন একটি আইনি নীতি নির্ধারণ করুন (যেমন, সামাজিক ন্যায় বিচার, আইনি সাম্যতা, ইত্যাদি)। দলগুলিকে নীতির সমর্থনে বা নীতিকে চ্যালেঞ্জ করে যুক্তি প্রস্তুত করতে বলুন। একটি বিতর্ক সভা পরিচালনা করুন যেখানে দলগুলি তাদের যুক্তিগুলি উপস্থাপন করতে এবং গঠনমূলক আলোচনায় অংশ গ্রহণ করতে পারবে।

### ২. কেস স্টাডি বিশ্লেষণ

শিক্ষার্থীদের কেস স্টাডি প্রদান করুন যা ভারতীয় ন্যায় সংহিতা, 2023 এ সম্বোধিত বিষয়গুলির উদাহরণ দেয় (যেমন, বৈষম্যতা, ন্যায়বিচারের সুযোগ, ইত্যাদি)। শিক্ষার্থীদের প্রতিটি বিষয় বিশ্লেষণ করতে বলুন, প্রাসঙ্গিক আইনি নীতিগুলিকে শনাক্ত করতে ও এই নীতিগুলির উপর ভিত্তি করে তার সমাধান বা রায় প্রস্তাব করতে বলুন। শ্রেণিকক্ষে তাদের সিদ্ধান্ত ও রায় নিয়ে আলোচনা করুন।

### 3. চরিত্রায়নের (রোল প্লে) কার্যাবলী

শিক্ষার্থীদের বিচারক, আইনজীবী, বাদী এবং আসামীদের মতো চরিত্র অর্পণ করুন। তাদের ভারতীয় ন্যায় সংহিতা, 2023 এর আওতাভুক্ত এমন একটি আইনি সমস্যা সম্পর্কিত কোন মামলা তাদের প্রদান করুন। শ্রেণিকক্ষে আলোচিত আইনি নীতিগুলির প্রয়োগ করে ও মামলা পদ্ধতি অনুসরন করে শিক্ষার্থীদের একটি নকল বা কৃত্রিম বিচার (mock trial) পরিচালনা করতে বলুন। এরপর, ফলাফল, রায় দান ও সিদ্ধান্ত গ্রহনের প্রক্রিয়া নিয়ে আলোচনা করুন।

### 4. পোষ্টার তৈরী

শিক্ষার্থীদের 3-4 জনের দলে ভাগ করুন এবং তাদের এমন মিথস্ক্রিয়ামুলক (Interactive) পোষ্টার তৈরি করতে বলুন যা ভারতীয় ন্যায় সংহিতা, 2023 সম্পর্কে সচেতনতা ছড়িয়ে দিতে সাহায্য করবে।

## কুইজ

**1. ভারতীয় ন্যায় সংহিতা, 2023-এ 'সংহিতা' শব্দটির অর্থ হল:**

(a) আইনি রায়

(b) আইন সংহিতা

(c) আইনি পণ্ডিত

(d) আইনি সংস্কার (উত্তরঃ b)

**2. ভারতীয় ন্যায় সংহিতা, 2023 অনুসারে, কোন নতুন ধরনের শাস্তি সামাজিক দায়িত্ব এবং গোষ্ঠী বা সমাজ সেবার কাজে (community service) অংশগ্রহণ করাতে জোর দেয়?**

(a) জরিমানা

(b) কারাবাস

(c) গোষ্ঠী বা সমাজ সেবা ভিত্তিক পরিষেবা

(d) জনসাধারনের কাছে ক্ষমা চাওয়া (উত্তরঃ c)

**3. ভারতীয় ন্যায় সংহিতা, 2023 অনুসারে, লিঙ্গের সংজ্ঞায় এখন স্পষ্ট ভাবে অন্তর্ভুক্ত রয়েছে:**

(a) কেবল পুরুষ এবং মহিলা

(b) পুরুষ, মহিলা এবং আন্তঃলিঙ্গ (intersex) ব্যক্তি

(c) পুরুষ, মহিলা এবং ট্রান্সজেন্ডার (transgender) ব্যক্তি

(d) পুরুষ, মহিলা এবং নন-বাইনারি (non-binary) ব্যক্তি (উত্তরঃ c)

**4. ভারতীয় ন্যায় সংহিতা, 2023-এর অধীনে Zero FIR বিধান কি অনুমোদন করে?**

(a) তদন্ত ছাড়াই অভিযুক্তের তাৎক্ষনিক গ্রেপ্তার

(b) থানার আওতাভুক্ত ক্ষেত্র (jurisdiction) নির্বিশেষে যে কোন থানায় FIR দায়ের

(c) তদন্ত ছাড়াই FIR খারিজ

(d) একজন দায়িত্বপ্রাপ্ত পুলিশ আধিকারিক দ্বারা বিশেষ তদন্ত (উত্তরঃ b)

**5. ভারতীয় ন্যায় সংহিতা, 2023 অনুসারে, রাষ্ট্রদ্রোহের সংশোধিত সংজ্ঞাতে এখন জোর দেওয়া হয়েছে:**

(a) সরকারী নীতির সমালোচনা করা

(b) রাষ্ট্রের বিরুদ্ধে সহিংসতার পক্ষ সমর্থন করা

(c) অনুমতি ছাড়া জনসাধারনের প্রতিবাদ করা

(d) জাতীয় প্রতীকের প্রতি অসম্মান (উত্তরঃ b)




আইন এবং আমরা

## পর্যালোচনা (Reflection)

এই মডিউলটি পাঠ করার পর, শিক্ষার্থীরা:

(a) নতুন আইন এবং আইনে প্রদত্ত তাদের অধিকার এবং দায়িত্ব সম্পর্কে ভালো ধারণা অর্জন করবে।

(b) সামাজিক রীতি-নীতি এবং আচরন গঠনে আইনের ভূমিকা অন্বেষণ করতে পারবে।

(c) আইন কিভাবে ব্যক্তিগত অধিকার, দায়িত্ব, গোষ্ঠী তথা সামাজের (community) কল্যাণকে প্রভাবিত করে তা নিয়ে চিন্তা-ভাবনা করতে পারবে।

## পিতা-মাতাদের জন্য বার্তা

এই মডিউলটির লক্ষ্য হল নতুন ফৌজদারি আইন সম্পর্কে শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা তৈরি করা ও শিক্ষার্থী সমাজের মধ্যে তা ছড়িয়ে দেওয়া। এই মডিউল থেকে তারা যে জ্ঞানঅর্জন করবে, তা অমূল্য এবং বিভিন্ন পরিস্থিতিতে এই জ্ঞান নিজেদের রক্ষা করার জন্য তাদের ক্ষমতায়ন করবে। আমাদের শিক্ষার্থীরা বিভিন্ন অপরাধ, তাদের নিজেদের আইনি অধিকার এবং আইন প্রদত্ত দায়িত্ব সম্পর্কে মৌলিক ধারণার অধিকারী হবে।




## তথ্যসূত্র

https://www.azbpartners.com/bank/overview-of-the-bharatiya-nyaya-sanhita-2023-penal-code/

https://www.foxmandal.in/changes-brought-forth-by-the-bharatiya-nyaya-sanhita-2023/

https://www.scconline.com/blog/post/2023/12/31/key-highlights-of-the-three-new-criminal-laws-introduced-in-2023/

https://www.taxmann.com/post/blog/analysis-bharatiya-nyaya-sanhita-bns-an-overview#1



UN342

विद्ययाऽमृतमश्नुते

एन सी ई आर टी
NCERT

राष्ट्रीय शैक्षिक अनुसंधान और प्रशिक्षण परिषद्
NATIONAL COUNCIL OF EDUCATIONAL RESEARCH AND TRAINING